

‘কৃষিই সমৃদ্ধি’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)
গাজীপুর-১৭০১।

স্মারক নং-১২.১৫.০০০০.০০১.০৬.০৫৬.১৫-২৭০

তারিখঃ ০৯/০৩/২০১৭ খ্রি:

বিষয়ঃ সরকারের গত ০৭ (সাত) বছরের অগ্রগতি প্রচারের জন্য তথ্য প্রেরণ।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং: ০৩. ০৮-২.০৪৬.০০.০৪৫.২০১৬-২৪৭, তারিখঃ ০৫/০৩/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) গাজীপুর কৃষি মন্ত্রণালয়ের এপেক্স ট্রেনিং একাডেমি হিসেবে বিগত জুন ২০১৪ হতে কার্যক্রম পরিচালনা করেছে। ইতোপূর্বে এ প্রতিষ্ঠান টি ডিএই এর অঙ্গ প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম পরিচালনা করেছে। তাই সরকারের গত ০৭ (সাত) বছরের অত্র প্রতিষ্ঠানের কার্যক্রমের অগ্রগতির তথ্য প্রদান করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, এই প্রতিষ্ঠানের প্রতিষ্ঠালগ্ন থেকে অগ্রগতির প্রতিবেদন (২০১৪-১৫ ও ২০১৫-১৬ সাল) নিম্নে উপস্থাপন করা হল।

কৃষিক্ষেত্রে দক্ষ জনবল গঠনের রূপকল্প বাস্তবায়নের অভিলক্ষ্যে বিগত ৩রা এপ্রিল ২০১৩ কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন অন্যতম প্রতিষ্ঠান হিসাবে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি প্রতিষ্ঠা লাভ করে। কার্যত: ২০১৪-১৫ অর্থবছরে এর কার্যক্রম শুরু হয়।


২০১৪-২০১৫ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জন:

- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানের দক্ষ জনবল গঠনের লক্ষ্যে কার্যকর ও ফলপ্রসূ প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ চাহিদা নিরূপনকল্পে একটি ওয়ার্কশপের আয়োজন করা হয়।
- ই-কৃষি কার্যক্রমকে জোরদারকরণের লক্ষ্যে সাম্প্রতিককালে উদ্ভাবিত অ্যাপসসমূহের পরিচিতি ও ব্যবহারের উপর মোট ১২০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

২০১৫-২০১৬ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জন:

- নাটার অভিস্ট উন্নয়ন কর্মপরিকল্পনা বুপায়ন, কোর্স কারিকুলাম প্রণয়ন ও ট্রেনিং মডিউল তৈরির উপর ৪টি কর্মশালার আয়োজন করা হয়।
- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৬টি প্রতিষ্ঠানের কারিগরি ও ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোট ৮টি বিষয়ে ৪৫০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়।
- নবনিযুক্ত বিসিএস ক্যাডারের মোট ৭২ জন কর্মকর্তাদের ২টি ব্যাচে (এন-৬০ ও এন-৬১) ছয় মাসব্যাপী বুনিয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়।
- স্পন্দরড ট্রেনিং কর্মসূচীর আওতায় ৪টি ব্যাচে বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ২২৮ জন অংশগ্রহণকারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।
- প্রশিক্ষণ সহায়ক কার্যক্রম হিসাবে বিভিন্ন প্রযুক্তির উপর মোট ৭টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে।
- নাটার প্রশিক্ষণ সুবিধাদির আধুনিকীকরণ, ভৌত অবকাঠামো উন্নয়ন এবং নাটার কার্যক্রম জোরদারকরণের জন্য ১টি প্রকল্প ও ১টি কর্মসূচী বাস্তবায়নধীন রয়েছে। ২০১৫-২০১৬ অর্থবছরে প্রকল্প ও কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতির হার যথাক্রমে ৯০% ও ৯০.২৪%।

মহাপরিচালকের পক্ষে



(মুন্সী মোহাম্মদ হেদায়েত উল্লাহ)

পরিচালক (প্রশাসন)

ফোন : ০২-৯২৯৪২২৭

ই-মেইল : hedayetullah59@yahoo.com

সচিব

কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়

ঢাকা।